গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.২১৭ তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৬
২৯ জুলাই ২০১৯

বিষয়: **উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান/মানবিক বিভাগ খোলার অনুমতি প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/যশোর এর সুপারিশ অনুযায়ী নিম্নবর্ণিত ০৩টি কলেজের উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান/মানবিক বিভাগ খোলার অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

ক্রমিক নং	কলেজ নাম ও ঠিকানা
১.	বালিগাঁও আমজাদ আলী কলেজ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ
২.	কোনাবাড়ী আইডিয়াল কলেজ, মহানগর, গাজীপুর
৩.	মহেশপুর পৌর মহিলা ডিগ্রি কলেজ, মহেশপুর,ঝিনাইদহ

শর্তসমূহ:

১) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;

২) আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;

৩) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভূক্ত করা যাবে না;

৪) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;

৫) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;

৬) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;

৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;

৮) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

৯) ১ নং ক্রমিকে বর্ণিত প্রতিষ্ঠানে পাশের হার বৃদ্ধি ও ২ নং ক্রমিকে বর্ণিত প্রতিষ্ঠানে শিক্ষার্থী বৃদ্ধিসহ পাশের হার বৃদ্ধির করতে হবে।



২৯-৭-২০১৯
রনি চাকমা

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা ও
যশোর।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.২১৭/১(৮)

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৬
২৯ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
৩) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) সিনিয়র সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৭) অধ্যক্ষ, ...।
৮) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ


২৯-৭-২০১৯
রনি চাকমা
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)